



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০৭-০৩-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির ৩য় নিয়মিত সভা অদ্য ০৭-০৩-২০২১ তারিখ রোজ রবিবার বেলা ১২:০০ ঘটিকায় মতিঝিলস্থ বাফুফে ভবনের ৩য় তলার কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। শোক প্রস্তাব গ্রহণ ও ১ মিনিট নিরবতা পালনের মাধ্যমে উক্ত সভার কার্যক্রম শুরু হয়। সভার সভাপতিত্ব করেন কমিটির চেয়ারম্যান জনাব আব্দুস সালাম মুর্শেদী, এমপি। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ১। আগামী ৮ মার্চ ২০২১ তারিখ হতে ৭ এপ্রিল ২০২১ তারিখ পর্যন্ত 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' উপলক্ষে ২য় খেলোয়াড় নিবন্ধন কার্যক্রম প্রত্যেক কার্যদিবসে দুপুর ১২.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত চলমান থাকবে।
- ২। 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর ২য় পর্বের খেলার ফিক্সচার প্রণয়ন করতঃ অতিশীঘ্রই সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে।
- ৩। 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর ২য় পর্বের খেলা আগামী ১৫ জুলাই ২০২১ তারিখের মধ্যে সমাপ্ত করতঃ 'স্বাধীনতা কাপ ২০২১' আয়োজন করা হবে।
- ৪। 'স্বাধীনতা কাপ ২০২১' এর পর-পরই আগামী আগস্ট ২০২১ মাস হতে 'বাফুফে অ-১৮ ফুটবল লীগ (বিপিএল) ২০২০-২১' আয়োজন করা হবে।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।